



**জেলা- নদীয়া, মোকাম নবদ্বীপের মাননীয় সিভিল জজ (জুঃ ডিঃ) আদালত**

**দেওয়ানী মোকদ্দমা নং ১২৫ /২০২৫**

| | | |
|---|---|---|
| **বাদী** | **:-** | **প্রতিমা সেন, বয়স- ৫৭ বৎসর,**<br>স্বামী- শ্যামল চন্দ্র সেন,<br>সাং- ১৬৮, গোরক্ষবাসী রোড, দক্ষিণ দমদম,<br>নাগের বাজার, উত্তর ২৪ পরগণা। |
| **বিবাদী** | **:-** | **১) শম্ভু চাঁদ পোদ্দার,** (৪৪)<br>**২) সমীরণ পোদ্দার,**<br>**৩) শংকর পোদ্দার,**<br>**৪) সুশান্ত পোদ্দার,**<br>সকলের পিতা- স্বর্গীয় সনাতন পোদ্দার,<br>সর্ব সাং- প্রাচীন মায়াপুর, বসাক পাড়া,<br>পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া। |

**স্বত্ব প্রচার বাবদ নালিশী দাবী ১০০/- টাকা।**

**বাদীর নালিশের বিবরণ এই যে,**

১) বাদীর পিতা শিবনাথ দত্ত ১৯৬৪ সালে একটি সম্পত্তি খরিদ করেন মণীন্দ্রলাল সাহা রায়ের নিকট হইতে, যাহার বিক্রয় কোবালা দলিল নং ৪৩৯১/১৯৬৪। শিবনাথ দত্ত কর্মসূত্রে কোলকাতায় বসবাস করিতেন এবং সেই কারণে বাদীর পিতা রেকর্ড করাইতে পারেন নাই। বাদীর পিতার বন্ধু বিপিন বিহারী পোদ্দার ছিলেন। বিপিন বাবু ১৯৬৪ সালে তাহার স্ত্রী স্নেহলতা পোদ্দারের নামে ৩.২৫ শতক সম্পত্তি খরিদ করেন মণীন্দ্র লাল সাহা রায়ের নিকট হইতে। সুমতি বালা পোদ্দার ১৯৬৪ সালে

বিক্রয় কোবালা দলিল ৪০৭৮/১৯৬৪ বলে ৩.২৫ শতক সম্পত্তি মণীন্দ্র লাল সাহা রায় এর নিকট হইতে খরিদ করেন। সনাতন পোদ্দার অর্থাৎ বিবাদীদের পিতা ১৯৮১ সালে ৩৭২/১৯৮১ নং রেজিষ্ট্রীকৃত বিক্রয় কোবালা দলিল মুলে স্নেহলতা পোদ্দারের নিকট হইতে ৩.২৫ শতক সম্পত্তি খরিদ করেন। ১৯৮৫ সালে বিক্রয় কোবালা দলিল নং ২০০/৮৫ সুমতি বালা পোদ্দারের নিকট হইতে সনাতন পোদ্দার ৩.২৫ শতক সম্পত্তি খরিদ করেন। সনাতন পোদ্দার ৬.৫০ শতকের মালিক হন।

২) এদিকে ২০০৩ সালে দলিল বলে সনাতন পোদ্দার তাহার পুত্রদের অর্থাৎ বিবাদীদের দানপত্র দলিল বলে ১৪ শতক সম্পত্তি দানপত্র দলিল মুলে হস্তান্তর করেন, যাহার দানপত্র দলিল নং ২০১৬/২০০৩ সনাতন পোদ্দারের সম্পত্তি ৬.৫০ শতক কিন্তু তিনি বিবাদীদের রেজিঃ দানপত্র দলিল করিলেন ১৪ শতক সনাতন পোদ্দার ৭.৫০ শতক সম্পত্তি বাদীর পিতার নিকট হইতে বেআইনী ভাবে লন।

৩) বাদীর পিতা ইং ০৫/০১/২০০৮ তারিখে পরলোক গমন করিয়াছেন। বাদী বিভিন্ন সাংসারিক কাজে ব্যস্ত থাকেন। সম্পত্তি সম্পর্কে সঠিক ভাবে খোঁজখবর লইতে পারেন নাই। বাদী সনাতন পোদ্দারের বেআইনী কাজের খবর পাইয়া ইং ১৩/০১/২০২৫ তারিখে সনাতন পোদ্দারের করা দানপত্র দলিলের হদিশ পান। তারপর বাদী কয়েক বার বিবাদীদের সহিত যোগাযোগ করেন এবং বাদী তাহার সম্পত্তি ফেরৎ চাহিলে বিবাদীগণ বাদীকে বলেন দলিল দেখাইতে। বাদী দলিল দেখাইলে বিবাদীগণ বলেন সম্পত্তি ফেরৎ হইবে না। তারপর বাদী গত ইং ১৫/০৬/২০২৫ তারিখে বাদী পুনরায় বিবাদীদের নিকট যাইলে বিবাদীগণ বাদীকে বলেন পুনরায় আসিলে অবস্থা খারাপ করে দেবো। বাদী একজন ভদ্র মহিলা। তিনি তাহার পিতার ত্যক্ত সম্পত্তি উদ্ধার করিবার চেষ্টা করিতেছেন।

Pratima Sen

৪) সনাতন পোদ্দার তথাকথিত যে দানপত্র দলিল বিবাদীদের করিয়া দিয়াছেন তাহা অকার্য্য কর ও বাদীর উপর বাধ্য নহে। বাদী দানপত্র দলিল নং ২০১৬/২০০৩ বাতিল ও রদ রহিতের জন্য বর্তমান মামলা করিতেছেন।

৫) মামলার কারণ ইং ১৩/০১/২০২৫ ও ১৫/০৬/২০২৫ তারিখে উদ্ভুত হইয়াছে নালিশী সম্পত্তি নবদ্বীপ থানার অন্তর্গত অবস্থিত হইবার কারণে বর্তমান মামলা অত্র আদালতের বিচার্য্য বিষয় হইতেছে।

৬) বাদী ১০০/- টাকার দাবীর উপর ১০/- টাকার কোর্ট ফি দিয়া এই মামলা দাখিল করিয়া প্রার্থনা করিতেছেন যে, ::

ক) বিবাদীদের পিতা স্বর্গীয় সনাতন পোদ্দার তাহার পুত্র অর্থাৎ বিবাদীদের অনুকূলে যে দানপত্র দলিল নং ২০১৬/২০০৩ ডি.এস.আর. কৃষ্ণনগর করিয়াছেন, সেই দলিল বলে বাদীর স্বত্ত্ব ক্ষুন্ন হয় নাই এবং উক্ত দলিলে বাদী বাধ্য নহেন।

খ) বিবাদীগণ তথাকথিত উক্ত দানপত্র দলিল বলে যে রেকর্ড করিয়াছেন, তাহা বাতিল যোগ্য হইতেছে।

গ) অন্যান্য প্রতিকার,

ঘ) মামলার খরচা;

Pratima Sen

## <u>তপশীল (বাদীর সম্পত্তি)</u>

জেলা- নদীয়া, থানা- নবদ্বীপ, মৌজা ০৫নং রুদ্রপাড়া, খতিয়ান নং ৯৭২, আর.এস. দাগ নং ১৮৭৪/৫৪৩৮, এল.আর. দাগ নং ৪১২৩, পরিমান ৮.২৫ শতক সম্পত্তি।

**তথাকথিত দানপত্র দলিলের বিবরণ ::**

দাতা : সনাতন পোদ্দার

গ্রহীতা : শম্ভু চাঁদ পোদ্দার (অর্থাৎ বিবাদীগণ)

রেজিঃ দানপত্র দলিল নং ২০১৬/০৩

ডি.এস.আর.অফিস কৃষ্ণনগর




## হলফনামা

আমি, শ্রীমতি প্রতিমা সেন, স্বামী- শ্রী শ্যামল সেন, পিতা- স্বর্গীয় শিবনাথ দত্ত, বয়স- আনুঃ ৫৭ বৎসর, জাতি- হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- গৃহকর্ম, সাং- গোরক্ষবাসী রোড, দক্ষিণ দমদম, নাগের বাজার, উত্তর ২৪ পরগণা, এই মর্মে প্রতিজ্ঞা পূর্বক শপথ গ্রহণ করিয়া কহিতেছি যে, :-

১) আমি উপরোক্ত নং মোকদ্দমার বাদী বিধায় অত্র হলফনামা করিবার উপযুক্ত ব্যক্তি হইতেছি।

২) উপরোক্ত নং মোকদ্দমার লিখিত বিবরণ সমূহ আমার কথা মত লেখা হইয়াছে এবং ইহা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য হইতেছে।

415
27/6/25
at 11:45 A.M

Pratima Sen

হলফকারী

সনাক্তকারী

Sourav Chakraborty
Advocate.
F/751/506/2011

Civil Judge, (Jr. Divn.) Nabadwip, Nadia
This 27th day of June 2025
at 11:45 AM brfore me the declarant
& personally known to me and identified
by Samar Chakraborty
Who is known to me at Nabadwip

Sheristader
Civil Judge's Court Junior Division
Nabadwip, Nadia
27/6/25